স্মারক নং ঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২২/৩২২০

তারিখ ঃ ২৪/০৮/২০২২ খ্রিষ্টাব্দ

অফিস সার্কুলার

চলতি ২০২২-২৩ অর্থবছরে সংস্থার বেতন কাঠামো রিভিশন, বর্তমানে কর্মরত কর্মীদের বেতন সমন্বয় প্রদান ও সমন্বয় পরবর্তী বেতনের সঙ্গে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়ন পূর্বক Performance এর ধরণ অনুসারে বার্ষিক ইনক্রিমেন্ট অনুমোদন প্রসঙ্গে

ক. দেশের চলমান মুদ্রাস্ফীতি ও দ্রব্য মূল্যের ক্রমাগত উর্ধ্বগতির সঙ্গে কর্মীদের জীবনযাত্রার ব্যয় সমন্বয় সাধন, সমসাময়িক অন্যান্য এনজিও'র বেতন কাঠামোর সঙ্গে সামঞ্জস্যতা বিধান, মাইক্রোফিন্যান্স সেক্টরে অপেক্ষাকৃত মেধাবী ও যোগ্য প্রার্থীদের Hire, কর্মীদের ড্রপ আউট হার নিয়ন্ত্রণ, অটোমেশন বাস্তবায়ন, স্টাফ প্রোডাকটিভিটি বৃদ্ধির মাধ্যমে সংস্থার আয় বৃদ্ধি, কর্মীদের কর্মসন্তুষ্টি বজায় প্রভৃতি বিবেচনায় গত ২৭/০৬/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত নির্বাহী পরিষদের ৩৭৫তম সভায় ২০২২-২৩ অর্থবছরে সংস্থার বেতন কাঠামো রিভিশন ও বর্তমানে কর্মরত কর্মীদের বেতন বৃদ্ধি কার্যকর করার বিষয় অনুমোদিত হয়েছে।

খ. নির্বাহী পরিষদ সভার সিদ্ধান্ত ও এতদ্ সংক্রান্ত চূড়ান্ত প্রস্তাবনা অনুমোদন অনুসারে সংস্থার বেতন কাঠামো রিভিশন, বর্তমানে কর্মরত কর্মীদের বেতন সমন্বয় প্রদান ও বার্ষিক ইনক্রিমেন্ট কার্যকর করার ক্ষেত্রে নিম্নে উল্লেখিত পদ্ধতি/বিষয় অনুসরণ করতে হবে ঃ

খ.১ সংস্থার বর্তমান পে-স্কেল এর XII নং গ্রেডভুক্ত "কমিউনিটি ম্যানেজার" পদে কর্মরত চাকুরেদের শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে **"কমিউনিটি ম্যানেজার-১"** এবং **"কমিউনিটি ম্যানেজার-২"** ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে এবং ০১ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ থেকে অত্র ক্যাটাগরির আলোকে নিয়োগ কার্য সম্পাদন করা হবে।

খ.২ পে-স্কেলের গ্রেড নং XII তে কমিউনিটি ম্যানেজার পদমর্যাদা/সমমানের অন্যান্য যেসব পদবী (টেকনিক্যাল স্টাফ/কম্পিউটার অপারেটর/ ইলেকট্রিশিয়ান/প্রোগ্রাম অ্যাসিসট্যান্ট/টেকনিক্যাল অ্যাসিসট্যান্ট/ড্রাইভার/স্পিড বোট ড্রাইভার) আছে এবং এসব পদে যারা কর্মরত আছে তাদের মধ্যে যাদের শিক্ষাগত যোগ্যতা স্নাতক/স্নাতকোত্তর বা সমমান পাশ তারা **"কমিউনিটি ম্যানেজার-১"** এর বেতন ক্যাটাগরিতে এবং যাদের শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি বা সমমান বা এর নীচে তারা **"কমিউনিটি ম্যানেজার-২"** এর বেতন ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত হবে।

খ.৩ কমিউনিটি ম্যানেজার পদবীটি শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে দু'টি ক্যাটাগরিতে বিভক্ত করার পাশাপাশি তাদের বেতন কাঠামো আলাদাভাবে নির্ধারণ করার ফলে চলমান **শিক্ষা ভাতা (স্নাতক-পাস/সম্মান বা সমমান দের মাসে ৪০০/- টাকা, স্নাতকোত্তর বা সমমান দের মাসে ৬০০/- টাকা হারে) বাতিল** করা হলো, যা ০১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ থেকে কার্যকর হবে।

খ.৪ পে-স্কেল, ২০২১-২২ রিভিউ করে গ্রেড/পদবী ভিত্তিক যোগদান ও নিয়মিত সময়কার বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে বর্তমানে কর্মরত কর্মীদের বেতন সমন্বয় / বার্ষিক বৃদ্ধি নিম্নোক্তভাবে কার্যকর হবে-

খ.৪.১ পে-স্কেলের গ্রেড নং I (নির্বাহী পরিচালক) থেকে VII (সিনিয়র সহকারী পরিচালক/রিজিওনাল ম্যানেজার) এবং XIII (অফিস সহকারী/ নিরাপত্তারক্ষী) এর যোগদান ও নিয়মিতকালীন বেতন ৬% হারে বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে অত্র গ্রেড সমূহের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ ও নিয়মিত কর্মীদের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর ৬% হারে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

খ.৪.২ গ্রেড নং VIII (সহকারী পরিচালক / জোনাল ম্যানেজার বা সমমান অন্যান্য পদ) এর যোগদানকালীন বেতন ৫,৬৪৯/- টাকা (১৪.৭৬%) এবং নিয়মিতকালীন বেতন ৬,৪৫৭/- টাকা (১৫.৪৭%) বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে অত্র গ্রেডের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ কর্মীদের ক্ষেত্রে ৫,৬৪৯/- টাকা এবং নিয়মিত কর্মীদের ক্ষেত্রে ৬,৪৫৭/- টাকা করে স্ব স্ব চাকুরের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

খ.৪.৩ গ্রেড নং IX (সিনিয়র ব্যবস্থাপক / এরিয়া ম্যানেজার বা সমমান অন্যান্য পদ) এর যোগদানকালীন বেতন ৫,৬৪৯/- টাকা (১৮.৭০%) এবং নিয়মিতকালীন বেতন ৬,৪৫৭/- টাকা (১৯.১৭%) বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে অত্র গ্রেডের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ কর্মীদের ক্ষেত্রে ৫,৬৪৯/- টাকা এবং নিয়মিত কর্মীদের ক্ষেত্রে ৬,৪৫৭/- টাকা করে স্ব স্ব চাকুরের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

খ.৪.৪ গ্রেড নং X (ব্যবস্থাপক / ব্রাঞ্চ ম্যানেজার বা সমমান অন্যান্য পদ) এর যোগদানকালীন বেতন ২৩.২০% হারে ৫,৬৪৯/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২৩.২০% হারে ৬,৪৫৭/- টাকা বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে ব্যবস্থাপক / ব্রাঞ্চ ম্যানেজার পদের যোগদানকালীন বেতন ৩০,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ৩৪,২৮৭/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র গ্রেডের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ কর্মীদের ক্ষেত্রে ৫,৬৪৯/- টাকা এবং নিয়মিত কর্মীদের ক্ষেত্রে ৬,৪৫৭/- টাকা করে স্ব স্ব চাকুরের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

খ.৪.৫ গ্রেড নং XI (সহকারী ব্যবস্থাপক/সহকারী ব্রাঞ্চ ম্যানেজার-হিসাব/সহকারী ব্রাঞ্চ ম্যানেজার-লোন বা সমমান অন্যান্য পদ) এর যোগদানকালীন বেতন ২১.৬২% হারে ৪,৪৪৪/- টাকা ও নিয়মিতকালীন বেতন ২১.৬২% হারে ৫,১৬২/- টাকা বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে সহকারী ব্যবস্থাপক/সহকারী ব্রাঞ্চ ম্যানেজার-হিসাব/সহকারী ব্রাঞ্চ ম্যানেজার-লোন পদের যোগদানকালীন বেতন ২৫,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২৯,০৩৯/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র গ্রেডের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ কর্মীদের ক্ষেত্রে ৪,৪৪৪/- টাকা এবং নিয়মিত কর্মীদের ক্ষেত্রে ৫,১৬২/- টাকা করে স্ব স্ব চাকুরের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

খ.৪.৬ অনুচ্ছেদ নং **খ.১** এর বর্ণনার আলোকে গ্রেড নং XII (কমিউনিটি ম্যানেজার) এর আওতায় শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে **কমিউনিটি ম্যানেজার-১** (স্নাতক/স্নাতকোত্তর বা সমমান পাশ) পদের যোগদান ও নিয়মিতকালীন বেতন ১৮.৯১% হারে বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে কমিউনিটি ম্যানেজার-১ পদের যোগদানকালীন বেতন ২২,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২৩,৮৮০/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র ক্যাটাগরির আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ ও নিয়মিত কর্মীদের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর **১৮.৯১% হারে** বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

অপরদিকে, **কমিউনিটি ম্যানেজার-২** (এইচ.এস.সি বা সমমান পাশ) পদের যোগদান ও নিয়মিতকালীন বেতন ৮.১০% হারে বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে কমিউনিটি ম্যানেজার-২ পদের যোগদানকালীন বেতন ২০,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২১,৭০৯/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র ক্যাটাগরির আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ ও নিয়মিত কর্মীদের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর **৮.১০% হারে** বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

খ.৪.৭ গ্রেড নং XII এর আওতায় বর্তমানে ড্রাইভার/ইলেকট্রিশিয়ান/টেকনিক্যাল অ্যাসিসট্যান্ট/স্পিড বোট ড্রাইভার/সমমান পদে কর্মরতদের শিক্ষাগত যোগ্যতা ও কারিগরি দক্ষতা বিবেচনায় তাদের বেতন কমিউনিটি ম্যানেজার-২ এর আলোকে যোগদান ও নিয়মিতকালীন বেতন ৮.১০% হারে বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে তাদের যোগদানকালীন বেতন ২০,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২১,৭০৯/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র পদসমূহের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ ও নিয়মিত কর্মীদের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর **৮.১০% হারে** বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

Padakhep Manabik Unnayan Kendra
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabar, Dhaka-1207